

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১.৩১

তারিখ: ৬ চৈত্র ১৪২৯

২০ মার্চ ২০২৩

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলায় ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর-এর শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধিকরণ।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া-এর স্মারক নং-৭৩, তারিখ: ০৮/০২/২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়া জেলায় ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর-এর ১০০ (একশত) টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ছাড়পত্রের মেয়াদ নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা হলো:

(ক) পত্র জারির ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে;

(খ) নিয়োগের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা, ২০১১ এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে;

(গ) স্থানীয় সরকার বিভাগের গত ২১ মার্চ ২০২০ তারিখের ১৯৪ নং স্মারকের আদেশ প্রতিপালন করতে হবে; এবং

(ঘ) নিয়োগ কার্যক্রম সম্পন্নের পর স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।

২১-৩-২০২৩

মোহাম্মদ সাঈদ উর রহমান

উপসচিব

ফোন: ৯৫১৪১৯০

ইমেইল: lgup2@lgd.gov.bd

জেলাপ্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১.৩১/১(৪)

তারিখ: ৬ চৈত্র ১৪২৯

২০ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।

২১-৩-২০২৩

মোহাম্মদ সাঈদ উর রহমান

উপসচিব